

## সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৫০৪

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৫৯. কংকর দ্বারা তাসবীহ পাঠ করা প্রসঙ্গে

# باب التَّسْبِيحِ بِالْحَصَى

#### আরবী

حَدَّقْنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ إِبْرَاهِيمَ، حَدَّقْنَا الْوَلِيدُ بْنُ مُسْلِمٍ، حَدَّقْنَا الْأَوْزَاعِيُّ، حَدَّقْنِي مُحَمَّدُ بْنُ أَبِي عَائِشَةَ، قَالَ حَدَّثَنِي أَبُو هُرَيْرَةَ، قَالَ : قَالَ أَبُو ذَرِّ بِنْ عَطِيَّةَ، قَالَ : حَدَّثَنِي مُحَمَّدُ بْنُ أَبِي عَائِشَةَ، قَالَ حَدَّثَنِي أَبُو هُرَيْرَةَ، قَالَ : قَالَ أَبُو ذَرِّ يَكْمَا لُونَ كَمَا لُصَلِّي وَيَصُومُونَ كَمَا يَا رَسُولَ اللهِ نَصُومُ وَلَهُمْ فُضُولُ أَمْوَالَ يَتَصَدَّقُونَ بِهَا، وَلَيْسَ لَنَا مَالٌ نَتَصَدَّقُ بِهِ . فَقَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم " يَا أَبَا ذَرِّ! أَلَا أَعلِّمُكَ كَلِمَات تُدْرِكُ بِهِنَّ مَنْ سَبَقَكَ وَلَا يَلْحَقُكَ مَنْ شَبَقَكَ وَلَا يَلْحَقُكَ مَنْ خَلْفَكَ إِلَا مَنْ أَخَذَ بِمِثْلِ عَمَلِكَ". قَالَ : بَلَى يَا رَسُولَ اللهِ قَالَ " تُكَبِّرُ اللهَ عَزَّ وَجَلَّ مَنْ خَلْفَكَ إِلَا مَنْ أَخَذَ بِمِثْلِ عَمَلِكَ". قَالَ : بَلَى يَا رَسُولَ اللهِ قَالَ " تُكَبِّرُ اللهَ عَزَّ وَجَلَّ مَنْ خَلْفَكَ إِلَا مَنْ أَخَذَ بِمِثْلِ عَمَلِكَ". قَالَ : بَلَى يَا رَسُولَ اللهِ قَالَ " تُكَبِّرُ اللهَ عَزَّ وَجَلَّ مَنْ حَلَاقًا وَثَلَاثِينَ وَتَحْمَدُهُ ثَلَاقًا وَقُلُونِ كَانَتْ مِثْلُ زَبَدِ الْبُحْرِ "

\_ صحيح : لكن قوله : (غُفِرَتْ لَهُ ذُنُوبُهُ وَلَوْ كَانَتْ مِثْلَ زَبَدِ الْبَحْرِ) مدرَج

#### বাংলা

১৫০৪। আবৃ হুরাইরাহ রাযিয়াল্লাহু 'আনহু সূত্রে বর্ণিত। তিনি বলেন, একদা আবৃ যার (রাঃ) বলেন, হে আল্লাহর রসূল! ধনীরা তো সওয়াবে অগ্রগামী হয়ে যাচ্ছে। আমরা যেমন সালাত আদায় করি, তেমন তারাও সালাত আদায় করে, আমরা যেমন সওম পালন করি, তারাও তেমন সওম পালন করে। কিন্তু তারা তাদের অতিরিক্ত ধন-সম্পদ দান-খয়রাত করে। (দান খয়রাতের জন্য) আমাদের তো পর্যাপ্ত সম্পদ নেই। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ হে আবৃ যার! আমি কি তোমাকে এমন দুটি বাক্য শিক্ষা দিবো না যা পাঠ করলে তুমি তোমার চেয়ে অগ্রগামীদের সমপর্যায় হতে পারবে এবং তোমার পিছনের লোকেরাও তোমাকে অতিক্রম করতে পারবে না? তবে তার কথা ভিন্ন যে তোমার মতো আমল করে। তিনি বললেন, হাাঁ, নিশ্চয়। তিনি বললেনঃ তুমি



প্রত্যেক সালাতের পর তেত্রিশবার 'আল্লাহু আকবার', তেত্রিশবার 'আলহামদু লিল্লাহ', তেত্রিশবার 'সুবহানাল্লাহ' এবং শেষে একবার ''লা 'ইলাহা ইল্লাল্লাহু ওয়াহদাহু লা শারীকা লাহু লাহুল মুলকু ওয়া লাহুল হামদু ওয়া হুয়া 'আলা কুল্লি শাইয়িন কাদীর'' বলবে। কেউ এ দু'আ পড়লে তার গুনাহ সমুদ্রের ফেনারাশি পরিমাণ হলেও তা ক্ষমা হবে।[1]

সহীহ : কিন্তু : "কেউ এ দু'আ পড়লে তার গুনাহ সমুদ্রের ফেনারাশি পরিমাণ হলেও তা ক্ষমা হবে।" তার এ কথাটুকু মুদরাজ।

### **English**

#### Narrated AbuHurayrah:

AbuDharr said: Prophet of Allah. The wealthy people have all the rewards; they pray as we pray; they fast as we fast; and they have surplus wealth which they give in charity; but we have no wealth which we may give in charity.

The Messenger of Allah (ﷺ) said: AbuDharr, should I not teach you phrases by which you acquire the rank of those who excel you? No one can acquire your rank except one who acts like you.

He said: Why not, Messenger of Allah? He said: Exalt Allah (say: Allah is Most Great) after each prayer thirty-three times; and praise Him (say: Praise be to Allah) thirty-three times; and glorify Him (say: Glory be to Allah) thirty-three times, and end it by saying, "There is no god but Allah alone, there is no partner, to Him belongs the Kingdom, to Him praise is due and He has power over everything". His sins will be forgiven, even if they are like the foam of the sea.

## ফটনোট

[1] দারিমী (অধ্যায় : সালাত, অনুঃ প্রত্যেক ফারয সালাতের পর তাসবীহ পাঠ করা, হাঃ ১৩৫৩), আহমাদ (হাঃ ৭২৪২) শায়খ আহমাদ শাকির বলেন : অওযাঈ সূত্রে এর সানাদ সহীহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন